# গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জনস্বার্থে অবহিত করা যাচ্ছে যে, গত ২০০৯ সাল হতে ২০২৪ সালের আগস্ট মেয়াদ কালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, আপগ্রেডেশন (পদোন্নতি) প্রদানের ক্ষেত্রে এবং এই সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রমে দুর্নীতি, অনিয়ম ও অসদাচরণ সংক্রান্ত বিষয়ে জাতীয় ও স্থানীয় পত্র পত্রিকায় একাধিক রিপোর্ট প্রকাশিত হওয়ায় ঐ সমস্ত অভিযোগের নিরেপেক্ষ ও বস্তুনিষ্ঠ তদন্ত করার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ১৫ জুন ২০২৬ তারিখের জবি/প্রশা/আইন/৩৮(বিধি-৩)পি-১/২০০৮/২৬৭ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনের মাধ্যমে জনাব মোঃ সাইফুজ্জামান হিরো, সিনিয়র জেলা ও দায়রা জজ (অবসরপ্রাপ্ত)-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করেন।

উল্লিখিত নিয়োগ, আপগ্রেডেশন (পদোন্নতি) ও প্রশাসনিক কাজে অনিয়ম, দুর্নীতি ও অসদাচরণের বিষয়ে সংশ্লিষ্ট সাবেক বা বর্তমান শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিক বা যে কোনো ব্যক্তিকে (যাদের নিকট নির্দিষ্ট তথ্য রয়েছে) স্বেচ্ছায় তদন্তকারী কর্মকর্তার নিকট লিখিত বা মৌখিক তথ্য উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

বি.দ্র.: প্রয়োজনে তথ্য প্রদানকারীর পরিচয় গোপন রাখা হবে।

তদন্তকারী কর্মকর্তার পক্ষে

২৩/০৭/২০২৬

**(মোহাম্মদ মশিরুল ইসলাম)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-১)
রেজিস্ট্রার দপ্তর
ও
তদন্ত কার্য পরিচালনার সচিব।

অস্থায়ী কার্যালয়:
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের
দ্বিতীয় তলার উত্তরপূর্ব কর্ণারের রুম।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. পরিচালক, আইসিটি সেল, জবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য);
২. পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জবি (বহুল প্রচারের অনুরোধসহ);
৩. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. নোটিশ বোর্ড, জবি;
৬. সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

Scanned with CamScanner